

## 📖 হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ২২০৪

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দাস-দাসী, পশু, নিজ স্ত্রী অথবা ছেলেমেয়েকে শরয়ী কারণ ছাড়া আদব দেওয়ার জন্য যতটুকু জরুরী তার থেকে বেশি শাস্তি দেওয়া নিষেধ

আরবী

বাংলা

(২২০৪) আব্দুল্লাহ বিন জা'ফর (রাঃ) বলেন, এক ব্যক্তি তার উটকে ঠিকমত খেতে দিত না, উপরন্তু কষ্ট দিত। তার পাশ দিয়ে রহমতের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে পার হতে দেখে উটটি আওয়াজ দিল এবং তার চোখ দিয়ে পানি পড়তে লাগল। তিনি উটের মালিককে ডেকে বললেন,

أَفَلَا تَتَّقِي اللَّهَ فِي هَذِهِ الْبَهِيمَةِ الَّتِي مَلَكَكَ اللَّهُ إِيَّاهَا فَإِنَّهُ شَكَى إِلَيَّ أَنَّكَ تُجِيعُهُ وَتُدْبِبُهُ

তুমি এই জন্তুর ব্যাপারে আল্লাহকে ভয় কর না কেন, আল্লাহ তোমাকে যার মালিক বানিয়েছেন? ও তো আমার কাছে অভিযোগ করছে যে, তুমি ওকে ভুখা রাখ এবং কষ্ট দাও!

ফুটনোট

(আহমাদ, আবু দাউদ ২৫৫১, হাকেম, সিলসিলাহ সহীহাহ ২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65952>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন